রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শনিবার, মার্চ ২৪, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**অধিশাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ/২০মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ৯০-আইন/২০১৮।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন 'দর্জি কারখানা' শিল্প সেক্টরের, অতঃপর উক্ত সেক্টর বলিয়া উল্লিখিত, শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নে উল্লিখিত শর্তসাপেক্ষে, নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক সুপারিশকৃত, নিম্নের তফসিলে বর্ণিত মজুরীর হারকে, উক্ত সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরীর হার হিসাবে এতদ্দ্বারা ঘোষণা করিল, যথা :—

**তফসিল**

**শ্রমিকগণের মাসিক মজুরীর হার**

| ক্রমিক নং | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণিবিভাগ | এলাকা | মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (বিভাগীয় শহরে মূল মজুরীর ৪০% এবং জেলা ও উপজেলা শহরে মূল মজুরীর ৩৫%) (টাকা) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | **<u>গ্রেড-১ (উচ্চতর দক্ষ) :</u>** | বিভাগীয় শহর | ৯২০০ | ৩৬৮০ | ৫০০ | ৩০০ | ১৩৬৮০ |
| | ১। কাটার মাস্টার (জেন্টস);<br>২। কাটার মাস্টার (লেডিস)। | জেলা ও উপজেলা শহর | ৯২০০ | ৩২২০ | ৫০০ | ৩০০ | ১৩২২০ |



মূল্য : টাকা ৮.০০

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ২। | **<u>গ্রেড-২ (উচ্চতর দক্ষ) :</u>**<br>১। হিসাব রক্ষক;<br>২। সেলসম্যান/ডেলিভারিম্যান;<br>৩। স্টোরম্যান;<br>৪। পুরুষদের কোট, প্যান্ট, সেরওয়ানী, সাফারী, ডাক্তারী এপ্রোন বা অনুরূপ সেলাই কারিগর;<br>৫। মহিলাদের বোরকা, এপ্রোন, কোট, প্যান্ট, ম্যাক্সি, মিডি বা অনুরূপ সেলাই কারিগর। | বিভাগীয় শহর | ৮৬০০ | ৩৪৪০ | ৫০০ | ৩০০ | ১২৮৪০ |
| | | জেলা ও উপজেলা শহর | ৮৬০০ | ৩০১০ | ৫০০ | ৩০০ | ১২৪১০ |
| ৩। | **<u>গ্রেড-৩ (দক্ষ) :</u>**<br>১। পুরুষদের শার্ট, পাঞ্জাবী, পায়জামা, স্কুল ড্রেস বা অনুরূপ সেলাই কারিগর;<br>২। মহিলাদের ব্লাউজ, ফ্রক, কামিজ, সেলোয়ার, থ্রি পিস বা অনুরূপ সেলাই কারিগর;<br>৩। রেডিমেড পোশাক (পুরুষ/মহিলা/শিশুদের জন্য) মেকার। | বিভাগীয় শহর | ৮২০০ | ৩২৮০ | ৫০০ | ৩০০ | ১২২৮০ |
| | | জেলা ও উপজেলা শহর | ৮২০০ | ২৮৭০ | ৫০০ | ৩০০ | ১১৮৭০ |
| ৪। | **<u>গ্রেড-৪ (আধা-দক্ষ) :</u>**<br>১। ফিউজিং অপারেটর;<br>২। আইলেট অপারেটর;<br>৩। ওভারলক অপারেটর;<br>৪। সাধারণ সেলাই কারিগর;<br>৫। সিকিউরিটি গার্ড। | বিভাগীয় শহর | ৩৬০০ | ১৪৪০ | ৫০০ | ৩০০ | ৫৮৪০ |
| | | জেলা ও উপজেলা শহর | ৩৬০০ | ১২৬০ | ৫০০ | ৩০০ | ৫৬৬০ |
| ৫। | **<u>গ্রেড-৫ (অদক্ষ) :</u>**<br>১। জেন্টস কাজের হেলপার;<br>২। লেডিস কাজের হেলপার;<br>৩। রেডিমেট পোশাকের হেলপার;<br>৪। অন্যান্য কাজের হেলপার;<br>৫। টি বয়। | বিভাগীয় শহর | ৩০০০ | ১২০০ | ৫০০ | ৩০০ | ৫০০০ |
| | | জেলা ও উপজেলা শহর | ৩০০০ | ১০৫০ | ৫০০ | ৩০০ | ৪৮৫০ |
| ৬। | শিক্ষানবিশ কর্মচারীর ক্ষেত্রে :<br>(ক) শিক্ষানবিশিকাল ৬ (ছয়) মাস;<br>(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৩,০০০ (তিন হাজার) টাকা প্রাপ্ত হইবেন; এবং<br>(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | | |

**ফুরণভিত্তিক (piece rate) কর্মচারীগণের মাসিক মজুরীর হার**

| ক্রমিক নং | কাজের আইটেম, প্রকৃতি বা ধরন | ন্যূনতম মজুরী (প্রতিটি/প্রতি সেট) (টাকা) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | কোট সেলাই | ৬০০ |
| ২। | প্যান্ট সেলাই | ১৬৫ |
| ৩। | সেরওয়ানি সেলাই | ৭০০ |
| ৪। | সাফারী সেলাই | ৩০০ |
| ৫। | ডাক্তারী এপ্রোন সেলাই | ২০০ |
| ৬। | বোরকা সেলাই | ২০০ |
| ৭। | ম্যাক্সি সেলাই | ১০০ |
| ৮। | শার্ট সেলাই | ১১৫ |
| ৯। | পাঞ্জাবী সেলাই | ১২০ |
| ১০। | পায়জামা সেলাই | ৮০ |
| ১১। | ব্লাউজ সেলাই | ৫০ |
| ১২। | সেলোয়ার সেলাই | ৭০ |
| ১৩। | স্কুল ড্রেস সেলাই | ২০০ |
| ১৪। | থ্রি পিস সেলাই | ১৬০ |

**শর্তাবলি**

১। তফসিলে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ উক্ত সেক্টরে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণি/গ্রেডে অন্তর্ভুক্ত হইবে;

২। এই মজুরীর হার সমগ্র বাংলাদেশে উক্ত সেক্টরের জন্য প্রযোজ্য হইবে;

৩। তফসিলে উল্লিখিত শ্রমিক বর্তমানে যেই গ্রেডে কর্মরত রহিয়াছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া তাহার মজুরী নির্ধারণ করিতে হইবে;

৪। কোনো শ্রমিকের বর্তমানে প্রাপ্ত মজুরীর সহিত এই প্রজ্ঞাপনে উল্লিখিত মজুরী যোগ করিয়া নূতনভাবে মজুরী নির্ধারণ করিতে হইবে;

৫। এই প্রজ্ঞাপন জারির সঙ্গে সঙ্গে উক্ত সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাসে ও শ্রেণিবিভাগ অনুযায়ী শ্রমিক ও কর্মচারীগণকে যথাযথ গ্রেডে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্ত করত মজুরী স্লিপ প্রদান করিবেন;

৬। কোনো শ্রমিক বা কর্মচারীকে তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রদান করা যাইবে না;

৭। উক্ত সেক্টরের কোনো শ্রমিক বা কর্মচারীকে এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা অধিক হারে মজুরী প্রদান করা হইলে উহা কোনোক্রমেই হ্রাস করা যাইবে না;

৮। উক্ত সেক্টরের শ্রমিক বা কর্মচারীগণ এবং নিয়োগকর্তা বা মালিকপক্ষের মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক বা কর্মচারীকে এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত হারের অধিক হারে মজুরী নির্ধারণ ও প্রদান করা যাইবে;

৯। কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে উক্ত সেক্টরে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইলে তিনিও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী "শ্রমিক" হিসাবে গণ্য হইবেন। কোনো ঠিকাদার কোনো শ্রমিককে নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কোনোক্রমেই কম মজুরী প্রদান করিতে পারিবেন না। উক্ত সেক্টরে কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট হইতে প্রাপ্য মজুরী প্রাপ্তির ক্ষেত্রে কোনো সমস্যার সম্মুখীন হইলে তাহার দায়দায়িত্ব সম্পূর্ণভাবে সংশ্লিষ্ট মালিকের উপর বর্তাইবে;

১০। উক্ত সেক্টরে শ্রমিক সরবরাহ বা নিয়োগের জন্য নিয়োজিত ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান অনুযায়ী উক্ত সেক্টরের মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন;

১১। উক্ত সেক্টরের মালিক যদি কোনো শ্রমিককে ফুরণভিত্তিক (Piece Rate) মজুরী প্রদান করিয়া থাকেন তাহা হইলে এই প্রজ্ঞাপন জারির সঙ্গে সঙ্গে উক্ত শ্রমিককে নির্দিষ্ট গ্রেডভুক্ত করিয়া নির্ধারিত নিম্নতম মজুরী প্রদান করিতে হইবে;

১২। নির্ধারিত নিম্নতম মজুরী ও ভাতাদি ছাড়াও যদি উক্ত সেক্টরের কোনো শ্রমিক ও কর্মচারী অব্যাহতভাবে কোনো অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক ধারাবাহিকভাবে বলবৎ ও অব্যাহত থাকিবে;

১৩। উক্ত সেক্টরের শ্রমিকগণ এই প্রজ্ঞাপন গেজেটে প্রকাশের তারিখ হইতে প্রতি বৎসর মূল মজুরীর ৫% (শতকরা পাঁচ ভাগ হারে) বার্ষিক মজুরি বৃদ্ধির সুবিধা পাইবেন এবং সংশ্লিষ্ট মালিক উহা প্রদান করিতে বাধ্য থাকিবেন;

১৪। উক্ত সেক্টরে নিযুক্ত শ্রমিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট বিধান অনুযায়ী অন্যান্য ভাতা ও সুবিধাদি প্রাপ্য হইবেন;

১৫। উক্ত সেক্টরের মালিকগণ যদি শ্রমিকগণের পরিবারের জন্য আবাসন সুবিধা প্রদান করিয়া থাকেন তাহা হইলে সেইক্ষেত্রে উক্ত আবাসন সুবিধা গ্রহণকারী শ্রমিকগণের জন্য বাড়ী ভাড়া ভাতা প্রযোজ্য হইবে না; এবং

১৬। উপরোক্ত শর্তাবলির কোনো অংশ প্রচলিত কোনো আইন বা বিধিমালার সহিত সাংঘর্ষিক হইলে, উক্ত অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ.টি.এম সাইফুল ইসলাম**
উপসচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd